



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭।

আইসিটি সেল

স্মারক নং- ৩৭.০১.৩৩০৪.৫১০.৯৯.২৫.৬৭

তারিখ: ০২/১২/২০২৫ ইং

নোটিশ/বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি বিভিন্ন দপ্তর স্বতন্ত্রভাবে রাউটার, সুইচসহ নেটওয়ার্ক ডিভাইস স্থাপন এবং কেবল সংযোগে অননুমোদিত পরিবর্তন করায় বিশ্ববিদ্যালয়ের নেটওয়ার্কে লুপিং সৃষ্টি, লাইনে ক্ষতি, নিরাপত্তা বিঘ্নিত হওয়া এবং সামগ্রিক নেটওয়ার্ক সেবা ব্যাহত হওয়ার মতো সমস্যা পরিলক্ষিত হয়েছে। ভবিষ্যতে এ ধরনের অননুমোদিত কার্যক্রম বিশ্ববিদ্যালয়ের নেটওয়ার্ক অবকাঠামোর স্থিতিশীলতা ও নিরাপত্তার জন্য মারাত্মক ঝুঁকিপূর্ণ হতে পারে।

এ প্রেক্ষিতে, মাননীয় উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে (স্মারক নং- ৩৭.০১.৩৩০৪.৫১০.৯৯.২৫.৬৪; তারিখ: ৩০/১১/২৫) বিশ্ববিদ্যালয়ের নেটওয়ার্ক অবকাঠামো সুরক্ষা, স্থায়িত্ব ও কার্যকারিতা নিশ্চিত করার লক্ষ্যে নেটওয়ার্ক-সংক্রান্ত যেকোনো স্থাপন, সংযোগ, পরিবর্তন, সম্প্রসারণ ও কনফিগারেশনসহ সকল কার্যক্রম অবশ্যই আইসিটি সেলের মাধ্যমে এবং তাদের নির্দেশনা অনুসরণ করে সম্পাদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের তথ্যপ্রযুক্তি অবকাঠামো সুরক্ষিত, স্থিতিশীল ও কার্যকর রাখতে সংশ্লিষ্ট সকল দপ্তরের সদয় সহযোগিতা কাম্য।

অধ্যাপক ড. ফজলুল হাসান সিদ্দিকী

চেয়ারম্যান

আইসিটি সেল

ডুয়েট, গাজীপুর-১৭০৭।

ই-মেইল: ictcell@duet.ac.bd

স্মারক নং- ৩৭.০১.৩৩০৪.৫১০.৯৯.২৫.৬৭

তারিখ: ০২/১২/২০২৫ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর।
- ২। পিএস টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর।
- ৩। সকল ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান (সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর।
- ৪। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য), ডুয়েট, গাজীপুর।
- ৫। সংরক্ষন নথি